



উপজেলা পরিক্রমা

তাড়াইল

তাড়াইল (কিশোরগঞ্জ), ৩ মার্চ (সংবাদদাতা)।— কিশোরগঞ্জ জেলা সদর থেকে ১৪ মাইল পূর্বে তিন দিকে নদী-নালা, খাল-বিল বেষ্টিত ভাটি এলাকায় ও বসুন্ধরা নদীর তীরে উপজেলা তাড়াইল অবস্থিত। বনবসতিপূর্ণ হাজারো সমস্যার আবের্তে পীড়িত একটি জনপদের নাম তাড়াইল। অসংখ্য ছোট-বড় নদী খাল-বিল বেষ্টিত তাড়াইল উপজেলার পশ্চিমে কিশোরগঞ্জ, দক্ষিণে করিমগঞ্জ উপজেলা। উত্তর-পূর্বে কেন্দুয়া উপজেলা, পূর্বে ইটনা উপজেলা। ৭টি ইউনিয়ন, ৭৫টি মৌজা ও ১৬৫টি গ্রাম নিয়ে গঠিত এ উপজেলা। অত্র উপজেলার সর্বমোট আয়তন ৫৫ বর্গ মাইল। লোকসংখ্যা মোট ১,০৭৬৮৬ জন।

শিক্ষা

শিক্ষার দিক থেকে এ উপজেলা অনেক পিছিয়ে। শতকরা শিক্ষিতের হার মাত্র ১৫ জন। নেই কোন কলেজ। সরকারী প্রাথমিক বিদ্যালয় ৪৪টি-এর মধ্যে প্রায় ২০টিরই করুণ অবস্থা। প্রয়োজনীয় টেবিল নেই। নেই নিরাপদ স্কুলের বেড়া, সামান্য বৃষ্টিতেই স্কুলে পানি পড়ে। মাধ্যমিক শিক্ষার জন্য রয়েছে মাত্র ৭টি বিদ্যালয়। ১টি নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, ৫টি উচ্চ মাধ্যমিক বিদ্যালয় ও ১টি নিম্ন মাধ্যমিক বালিকা বিদ্যালয়। এ ছাড়া ৯টি মাদ্রাসা রয়েছে। ৪টি সিনিয়র মাদ্রাসা ও ৫টি জুনিয়র মাদ্রাসা, ৬টি এবতেদায়ী মাদ্রাসা রয়েছে।

যোগাযোগ

এ উপজেলার যোগাযোগ ব্যবস্থা খুবই করুণ। ১৫১ মাইল সম্পূর্ণ ভাঙ্গাচুরা বন্ধুর কাঁচা রাস্তা রয়েছে এ উপজেলায়। রিকশা ও যন্তুচালিত নৌকাই এ উপজেলার যোগাযোগের একমাত্র মাধ্যম। উপজেলা সদর থেকে জেলা শহরের ভাড়া ৪০

টাকা। যদিও মাত্র ১৪ মাইলের ব্যবধান। এ উপজেলায় কোন পাকা রাস্তা নেই। তবে ১ মাইলের মত ইট বিছানো রাস্তা আছে। যা যাতায়াতের জন্য কাঁচা রাস্তার চেয়েও ভয়াবহ।

কৃষি

একমাত্র কৃষি নির্ভর এ উপজেলায় মোট জমির পরিমাণ ৩৪,৫৬০ একর। এর মধ্যে আবাদী জমির পরিমাণ ৩০,৪০৭ একর। অনাবাদী ৫৫০ একর। খাস জমি ২০,১৮৫ একর। ধানী জমির পরিমাণ ২৩,৩২৫ একর। ৫,০০০ একরে পাট, ৭৮৮ একরে রবিশস্য ও ১,৩২৪ একরে গম, আলু, সরিষা, কপি, মূলা, টমেটো ইত্যাদি উৎপাদিত হয়।

স্বাস্থ্য

স্বাস্থ্য ক্ষেত্রে এ উপজেলার জনগণ অত্যন্ত পশ্চাৎপদ। এখানে একটি স্বাস্থ্য প্রকল্প রয়েছে। সেখানেও প্রয়োজনীয় ওষুধের সংকট প্রভৃতি নানা সমস্যা জর্জরিত। অধিকাংশ সময় রোগীদের প্রায় সব ওষুধই বাইরে থেকে কিনে আনতে হয়। বিদ্যুৎ না থাকতে উন্নয়নমূলক আধুনিক চিকিৎসা ও সার্জারী করা সম্ভব হচ্ছে না। স্বাস্থ্য প্রকল্পে পানি সংকটও মারাত্মক। এ ছাড়াও এ উপজেলার সদরে একটি পরিবার পরিকল্পনা ক্লিনিক ও ৩টি সাব-পরিবার পরিকল্পনা ক্লিনিক আছে।

হাট-বাজার

তাড়াইল একটি প্রসিদ্ধ ব্যবসায়ী জায়গার নাম। এখানে ব্যবসার জন্য ব্যবসায়ীরা নদী পথে নৌকা ও টুলার দিয়ে দূরদূরান্ত থেকে এসে চাল, গম ও অন্যান্য মালামাল আমদানী করে। প্রতি শনি ও মঙ্গলবার তাড়াইলে নিয়মিত হাট বসে। জাওয়ার বাজারে বিরাট গরু-ছাগলের হাট বসে।